

১২

ছাত্র সংঘর্ষের পর বড়লেখা ডিগ্রী

কলেজ বন্ধ ঘোষণা

সিলেট অফিস ॥ বিবদমান দুইটি ছাত্র সংগঠনের গোলযোগ পরিস্থিতিতে কর্তৃপক্ষ গতকাল শনিবার বড়লেখা ডিগ্রী কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করিয়াছেন।

কলাউড়া সংবাদদাতা জানান, গত ৯ই ডিসেম্বর হইতে কলেজে ছাত্রদল ও ছাত্রলীগের (ম-ই) এর মধ্যে অব্যাহত সংঘর্ষের প্রেক্ষিতে উভয় সংগঠনের বিরোধ নিষ্পত্তির লক্ষ্যে কলেজ কর্তৃপক্ষের উদ্যোগে কলেজ গভর্নিং বডি এবং সকল (২য় পৃ: ১২-এর ক):স্র:

ছাত্র সংঘর্ষের পর

(১ম পৃ: পর)

রাজনৈতিক দলের যৌথসভা চলাকালে দুইটি ছাত্র সংগঠনের কর্মীদের মধ্যে সংঘর্ষ বাধে ইহাতে ছাত্রদলের ২ জন ও ছাত্র লীগের ১ জন কর্মী গুরুতর আহত হন। তাহাদেরকে হাসপাতালে ভর্তি করা হয়। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার জন্য এক পর্যায়ে পুলিশ ২ রাউণ্ড ফাঁকা গুলী বর্ষন করে। সংঘর্ষের সময় একজন পুলিশ কনষ্টেবলও আহত হন। তাহাকে প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়।